# খুলনা বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯০

( ১৯৯০ সনের ৫৪ নং আইন )

**খুলনা বিশ্ববিদ্যালয় স্থাপনকল্পে প্রণীত আইন।**

যেহেতু জ্ঞান, বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন-ক্ষেত্রে উচ্চ শিক্ষা ও গবেষণার সুযোগ-সুবিধার ব্যবস্থাকল্পে খুলনা বিশ্ববিদ্যালয় নামে খুলনায় একটি বিশ্ববিদ্যালয় স্থাপন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

**সংক্ষিপ্ত শিরোনামা**

১। এই আইন খুলনা বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯০ নামে অভিহিত হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

(ক) “অধিভুক্ত মহাবিদ্যালয়” অর্থ এই আইন, সংবিধি এবং বিশ্ববিদ্যালয় অধ্যাদেশের বিধান অনুযায়ী বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত এবং অধিভুক্ত কোন শিক্ষা প্রতিষ্ঠান;

(খ) “অংগ মহাবিদ্যালয়” অর্থ বিশ্ববিদ্যালয় কর্তৃক অংগ মহাবিদ্যালয় হিসাবে স্বীকৃত কোন মহাবিদ্যালয়;

(গ) “ইনষ্টিটিউট” অর্থ বিশ্ববিদ্যালয়ের কোন ইনষ্টিটিউট;

(ঘ) “একাডেমিক কাউন্সিল” অর্থ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল;

(ঙ) “ওয়ার্ডেন” অর্থ হোস্টেলের প্রধান;

(চ) “কর্তৃপক্ষ” অর্থ এই আইনে উল্লিখিত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ;

(ছ) “মঞ্জুরী কমিশন আদেশ” অর্থ University Grants Commission of Bangaldesh Order, 1973 (P.O. No. 10 of 1973);

(জ) “মঞ্জুরী কমিশন” অর্থ মঞ্জুরী কমিশন আদেশের দ্বারা গঠিত University Grants Commission of Bangladesh.

(ঝ) “প্রভোষ্ট” অর্থ কোন হলের প্রধান;

(ঞ) “বিশ্ববিদ্যালয়” অর্থ এই আইন মোতাবেক স্থাপিত খুলনা বিশ্ববিদ্যালয়;

(ট) “বত্সর” অর্থ ১লা জুলাই হইতে আরম্ভরত কোন শিক্ষা-বত্সর;

(ঠ) “রেজিষ্টারভূক্ত গ্রাজুয়েট” অর্থ এই আইনের বিধানানুযায়ী রেজিষ্টারভূক্ত গ্রাজুয়েট;

(ড) “শিক্ষক” অর্থ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক, প্রভাষক এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক শিক্ষক হিসাবে স্বীকৃত অন্য কোন ব্যক্তি;

(ঢ) “সিনেট” অর্থ বিশ্ববিদ্যালয়ের সিনেট;

(ণ) “সিন্ডিকেট” অর্থ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট;

(ত) “সংবিধি”, “বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ” ও “প্রবিধান” অর্থ যথাক্রমে এই আইনের অধীন প্রণীত সংবিধি, বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ও প্রবিধান;

(থ) “স্কুল অব ষ্টাডিজ” অর্থ বিশ্ববিদ্যালয়ের কোন স্কুল অব ষ্টাডিজ;

(দ) “হল” অর্থ বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সংঘবদ্ধ জীবন এবং সহশিক্ষাক্রমিক শিক্ষাদানের জন্য বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থা ও রক্ষণাবেক্ষণাধীন ছাত্রাবাস;

(ধ) “হোষ্টেল” অর্থ বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের জন্য বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কাহারো দ্বারা পরিচালিত কিন্তু এই আইন অনুসারে বিশ্ববিদ্যালয় কর্তৃক অধিভুক্ত এবং লাইসেন্স প্রদত্ত ছাত্রাবাস।

**বিশ্ববিদ্যালয়**

৩। (১) এই আইনের বিধান অনুযায়ী খুলনায় খুলনা বিশ্ববিদ্যালয় নামে একটি বিশ্ববিদ্যালয় স্থাপিত হইবে।

(২) বিশ্ববিদ্যালয়ের প্রথম চ্যান্সেলর ও প্রথম ভাইস-চ্যান্সেলর এবং সিনেট, সিন্ডিকেট এবং একাডেমিক কাউন্সিলের প্রথম সদস্যগণ এবং ইহার পর যে সকল ব্যক্তি অনুরূপ কর্মকর্তা বা সদস্য হইবেন, তাহারা যতদিন অনুরূপ পদে অধিষ্ঠিত থাকিবেন কিংবা অনুরূপ সদস্য থাকিবেন ততদিন, তাহাদের লইয়া খুলনা বিশ্ববিদ্যালয় নামে একটি সংবিধিবদ্ধ সংস্থা গঠিত হইবে।

(৩) বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ধারাবাহিকতা এবং একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই আইনের বিধান সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার এবং হস্তান্তর করার ক্ষমতা থাকিবে এবং উক্ত নামে বিশ্ববিদ্যালয়ের পক্ষে বা বিপক্ষে মামলা দায়ের করা যাইবে।

**এখতিয়ার**

৪। বিশ্ববিদ্যালয় খুলনা বিভাগের অন্তর্ভুক্ত এলাকায় এই আইন দ্বারা বা ইহার অধীন অর্পিত সমুদয় ক্ষমতা প্রয়োগ করিবে।

**বিশ্ববিদ্যালয়ের ক্ষমতা**

৫। এই আইন এবং সংবিধি, বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ এবং প্রবিধান দ্বারা নির্ধারিত শর্ত সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত ক্ষমতা থাকিবে, যথা :-

(ক) বিজ্ঞান, প্রকৌশল ও কারিগরী, স্থাপত্য, পরিকল্পনা, ভৌত-বিজ্ঞান, কৃষি, চিকিত্সা, জৈববিজ্ঞান, ব্যবসায় প্রশাসন ও ব্যবস্থাপনা, চারুকলা, কলা, মানবিক ও সমাজ বিজ্ঞান, আইন ও শিক্ষাসহ বিদ্যা বা জ্ঞানের নূতন নূতন অন্যান্য শাখায় স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষা ও গবেষণার ব্যবস্থা করা;

(খ) বিশ্ববিদ্যালয়ের বিভাগ, ইনষ্টিটিউট ও অধিভুক্ত মহাবিদ্যালয়ে শিক্ষাদানের জন্য পাঠ্যক্রম নির্ধারণ করা;

(গ) মহাবিদ্যালয়সমূহের অনুমোদন দান বা অনুমোদন বাতিল করা;

(ঘ) বিভাগ, স্কুল, ইনষ্টিটিউট এবং অধিভুক্ত মহাবিদ্যালয়সমূহের মধ্যে সমন্বয় সাধন করা;

(ঙ) পরীক্ষা গ্রহণ ও ডিগ্রী প্রদান করা;

(চ) শিক্ষার কোন বিশেষ ক্ষেত্রে ঐ সকল ব্যক্তিদের ডিগ্রী প্রদান করা যাঁহারা সংবিধি বা একাডেমিক কাউন্সিল কর্তৃক নির্দিষ্ট কোর্স-কাঠামো অনুসরণ করিয়াছেন এবং সংবিধি বা একাডেমিক কাউন্সিলের অধীন গবেষণা কার্যক্রম পরিচালনা করিয়াছেন;

(ছ) সংবিধি অনুযায়ী বিশেষ ক্ষেত্রে কোন ব্যক্তিকে সম্মানসূচক ডিগ্রী বা অন্যান্য সম্মান প্রদান করা;

(জ) শিক্ষামূলক কোন বিষয়ে স্কুল, ইনষ্টিটিউট বা অধিভুক্ত মহাবিদ্যালয়ের ছাত্র নহেন এমন কোন ব্যক্তিকে ডিপ্লোমা প্রদান করা;

(ঝ) বক্তৃতামালার ব্যবস্থা করা;

(ঞ) অনুষদ, বিভাগ, ইনষ্টিটিউট ও অধিভুক্ত মহাবিদ্যালয়, এবং উহাদের সহিত সংযুক্ত হোষ্টেল ও হলসমূহ পরিদর্শন করা;

(ট) অন্যান্য বিশ্ববিদ্যালয় এবং কর্তৃপক্ষের সহিত সহযোগিতা, যৌথ গবেষণা, যৌথ ডিগ্রী কর্মসূচী গ্রহণ, যৌথ নিয়োগ ও ছাত্র ও শিক্ষক বিনিময় করা;

(ঠ) মঞ্জুরী কমিশন কর্তৃক নির্ধারিত শর্ত ও বিধি সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের প্রয়োজনে অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক, প্রভাষক ও সুপারনিউমারারী অধ্যাপক ও এমেরিটাস অধ্যাপকের পদ এবং প্রয়োজনীয় অন্য কোন গবেষণা ও শিক্ষকের পদ প্রবর্তন করা এবং সংশ্লিষ্ট বাছাই বোর্ড কর্তৃক সুপারিশকৃত ব্যক্তিগণকে সেই সকল পদে নিয়োগ করা;

(ড) বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের বসবাসের জন্য হোষ্টেল স্থাপন করা, যাহা ছাত্রদের নিজস্ব অর্থ ব্যবস্থার ভিত্তিতে পরিচালিত হইবে;

(ঢ) সংবিধি, বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ও প্রবিধান অনুযায়ী শিক্ষা ও অন্যান্য ক্ষেত্রে পুরস্কার ও পদক প্রবর্তন ও বিতরণ করা;

(ণ) গবেষণা ও শিক্ষার উন্নয়নের জন্য শিক্ষাবিষয়ক যাদুঘর, পরীক্ষাগার, কর্মশিবির, স্কুল এবং ইনষ্টিটিউট স্থাপন ও রক্ষণাবেক্ষণ করা;

(ত) বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের নৈতিক শৃংখলা তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ করা, সহশিক্ষাক্রমিক কার্যাবলীর উন্নতি বর্ধন এবং স্বাস্থ্যের উত্‌কর্ষ সাধনের ব্যবস্থা করা;

(থ) বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ দ্বারা নির্ধারিত ফিস দাবী ও আদায় করা;

(দ) বিশ্ববিদ্যালয় শিক্ষার সম্প্রসারণ ও উন্নয়নের জন্য কোন দেশী বা বিদেশী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে কোন অনুদান বা চাঁদা গ্রহণ করা;

(ধ) শিক্ষা ও গবেষণার সম্প্রসারণের জন্য বই ও জার্নাল প্রকাশ করা;

(ন) শিক্ষাদান ও পরীক্ষা গ্রহণকারী ও গবেষণা সংস্থা হিসাবে বিশ্ববিদ্যালয়ের উদ্দেশ্য অধিকতর পূরণকল্পে প্রয়োজনীয় অন্যান্য কাজকর্ম সম্পাদন করা।

**জাতি, ধর্ম নির্বিশেষে সকলের জন্য বিশ্ববিদ্যালয় উন্মুক্ত**

৬। যে কোন ধর্ম, বর্ণ, গোত্র এবং শ্রেণীর পুরুষ ও মহিলার জন্য বিশ্ববিদ্যালয় উন্মুক্ত থাকিবে।

**বিশ্ববিদ্যালয়ের শিক্ষাদান**

৭। (১) বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সম্পর্কিত সকল স্বীকৃত শিক্ষা বিশ্ববিদ্যালয় অথবা উহার অংগ বা অধিভূক্ত মহাবিদ্যালয় বা ইনষ্টিটিউট কর্তৃক পরিচালিত হইবে এবং পরীক্ষাগার বা কর্মশিবিরের সকল বক্‌তৃতা ও কর্ম ইহার অন্তর্ভুক্ত হইবে।

(২) বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ দ্বারা নির্ধারিত পদ্ধতিতে শিক্ষকগণ শিক্ষাদান পরিচালনা করিবেন।

(৩) সংবিধি ও বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ অনুযায়ী শিক্ষাক্রম ও পাঠ্যসূচী নির্ধারণ করা হইবে।

(৪) বিশ্ববিদ্যালয়ের পৃষ্ঠপোষকতায় পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে মহাবিদ্যালয় বা ইনষ্টিটিউটের জন্য অথবা মহাবিদ্যালয়, ইনষ্টিটিউট এবং বিশ্ববিদ্যালয়ের জন্য শিক্ষাদানের ব্যবস্থা করা যাইতে পারে।

**পরিদর্শন**

৮। (১) মঞ্জুরী কমিশন কোন ব্যক্তির দ্বারা বিশ্ববিদ্যালয় ও উহার ভবন, গ্রন্থাগার, পরীক্ষাগার, যন্ত্রপাতি বা সহযোগী প্রতিষ্ঠান এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত পরীক্ষা, শিক্ষাদান এবং অন্যান্য কাজকর্ম পরিদর্শন করাইতে পারিবে এবং একই পদ্ধতিতে বিশ্ববিদ্যালয়ের জন্য কোন ব্যাপারে তদন্ত করাইতে পারিবে।

(২) মঞ্জুরী কমিশন অনুষ্ঠিতব্য প্রত্যেক পরিদর্শন বা তদন্তের অভিপ্রায় সম্পর্কে বিশ্ববিদ্যালয়কে নোটিশ দিবেন এবং এইরূপ পরিদর্শন ও তদন্তে বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধত্বের অধিকার থাকিবে।

(৩) মঞ্জুরী কমিশন অনুরূপ পরিদর্শন বা তদন্ত সম্পর্কে উহার অভিমত অবহিত করিয়া তত্সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়কে পরামর্শ দিবে এবং বিশ্ববিদ্যালয় তত্কর্তৃক গৃহীত ব্যবস্থার প্রতিবেদন মঞ্জুরী কমিশনের নিকট প্রেরণ করিবে।

(৪) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক নির্ধারিত রেজিষ্টার ও নথিপত্র রক্ষণাবেক্ষণ করিবে এবং কমিশনের চাহিদা অনুযায়ী পরিসংখ্যান এবং অন্যবিধ প্রতিবেদন ও তথ্য সরবরাহ করিবে।

**বিশ্ববিদ্যালয় কর্মকর্তা**

৯। বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত কর্মকর্তা থাকিবে, যথা:-

(ক) চ্যান্সেলর,

(খ) ভাইস-চ্যান্সেলর,

(গ) প্রো-ভাইস-চ্যান্সেলর,

(ঘ) কোষাধ্যক্ষ,

(ঙ) স্কুলসমূহের ডীন,

(চ) রেজিষ্ট্রার,

(ছ) বিভাগ বা ইনষ্টিটিউটসমূহের চেয়ারম্যান,

(জ) গ্রন্থাগারিক,

(ঝ) ছাত্র বিষয়ক পরিচালক,

(ঞ) প্রভোষ্ট,

(ট) অর্থ ও হিসাব পরিচালক,

(ঠ) পরিকল্পনা ও উন্নয়ন পরিচালক,

(ড) পরীক্ষা নিয়ন্ত্রক,

(ঢ) মহাবিদ্যালয় পরিদর্শক,